যুগান্তর

MAY 1 3 2002

তারিখ ........................
পৃষ্ঠা ১৬ কলাম ৬.....

# নটরডেম কলেজের রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

যুগান্তর রিপোর্ট

গত রোববার নটরডেম কলেজ মিলনায়তনে নটরডেম লেখককুঞ্জ আয়োজিত ও নটরডেম ডিবেটিং ক্লাবের সহযোগিতায় এক রচনা প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ করা হয়। ২৪ এপ্রিল নটরডেম কলেজের ৮৮৯ জন ছাত্র এ প্রতিযোগিতায় অংশ নেয়। তাৎক্ষণিকভাবে

শেষ পৃষ্ঠা : ২ কলাম : ৬




গতকাল নটরডেম কলেজে রচনা প্রতিযোগিতায় পুরস্কৃত ছাত্রদের সঙ্গে প্রধান অতিথি যুগান্তর সম্পাদক গোলাম সারওয়ার এবং অধ্যক্ষ ফাদার বেনজামিন ডি কস্তা ও অধ্যাপক সোহেল প্রমুখ -যুগান্তর

## নটরডেম কলেজ : পুরস্কার

(শেষ পৃষ্ঠার পর)

বিষয় নির্ধারণ করে দেয়া হয় : 'এসিড নিক্ষেপ একটি জঘন্য অপরাধ' এবং 'সন্ত্রাস একটি ঘৃণ্য সামাজিক ব্যাধি'। অংশগ্রহণকারীদের মধ্য থেকে ছয়জন প্রতিযোগীকে বিশেষভাবে পুরস্কৃত করা হয়। তাছাড়া ২১ জন ছাত্রকে সনদপত্র দেয়া হয়। অনুষ্ঠানের শুরুতে প্রতিযোগিতার আয়োজক নটরডেম লেখককুঞ্জের মডারেটর কলেজের বাংলা বিভাগের অধ্যাপক সোহেল আহমেদ শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন 'যুগান্তর' সম্পাদক গোলাম সারওয়ার। সভাপতিত্ব করেন নটরডেম কলেজের অধ্যক্ষ ফাদার বেনজামিন ডি কস্তা।

যুগান্তর সম্পাদক সন্ত্রাস, বিশেষ করে এসিড সন্ত্রাসের ভয়াবহতার কথা উল্লেখ করে এর বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির জন্য ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান। সন্ত্রাসের অভিশাপ থেকে সমাজকে মুক্ত করার জন্য তিনি বেকারত্ব দূর করার ওপরও গুরুত্বারোপ করেন।

নটরডেম কলেজের অধ্যক্ষ সভাপতির ভাষণে সন্ত্রাসমুক্ত দেশ গড়তে নতুন প্রজন্মকে এগিয়ে আসার আহ্বান জানান।